দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

C37

অংশ 17 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 3

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন পরীক্ষা পিছানোর আবেদন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৮৮ সালের আইন পরীক্ষা আগামী ২৮শে ডিসেম্বর হইতে আরম্ভ করার নির্দেশ জারি করিয়াছেন। স্বাভাবিক অবস্থায় যে কোন পরীক্ষা সময়মত সম্পন্ন হউক--ইহা সকলেরই কাম্য। কারণ, সময়মত পরীক্ষা অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলেরই সুযোগ সুবিধা ও স্বার্থ জড়িত থাকে।

কিন্তু এই বৎসরের আইন পরীক্ষা ২৮শে ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত হওয়ার ব্যাপারে কতিপয় বাস্তব অসুবিধা রহিয়াছে, যাহা নিম্নে সংক্ষেপে তুলিয়া ধরা হইল :

১। ১৯৮৭ সালের আইন পরীক্ষার ফল প্রকাশ করিতে অস্বাভাবিক বিলম্ব হওয়ায় পরীক্ষার্থীগণ অনিশ্চয়তায় ভুগিয়াছেন এবং ফল প্রকাশিত হওয়ার পর মাত্র ৩/৪ মাসের মধ্যে পরীক্ষার প্রস্তুতি গ্রহণে হিমশিম খাইতেছেন।

১। এই বৎসর দেশের অধিকাংশ এলাকা নজিরবিহীন বন্যা কবলিত হওয়ার দরুন সারাদেশের পরীক্ষার্থীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছেন যাহার দরুন লেখাপড়ায় ব্যাঘাত সৃষ্টি হইয়াছে।

৩। এই বৎসর মাষ্টার ডিগ্রী ও আইন পরীক্ষা অত্যন্ত কাছাকাছি সময়ে অনুষ্ঠিত হইতেছে। তাই, মাষ্টার ডিগ্রীর পরীক্ষার্থিগণ আইন পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪। আইন পরীক্ষার অধিকাংশ পরীক্ষার্থী বিভিন্ন সরকারী বেসরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী। বৎসরের শেষে অনেকেরই ছুটি প্রাপ্য থাকে না। ব্যাংক, বীমাসহ বিভিন্ন অর্থলগ্নী প্রতিষ্ঠানে বৎসর শেষে কাজের পরিমাণ বৃদ্ধির কারণে ঐ সময় ছুটি চাওয়া এবং মঞ্জুর করা সম্ভব হয় না। তাই এই ধরনের পরীক্ষার্থীর পক্ষে ২৮শে ডিসেম্বর তারিখে বৎসরের শেষ প্রান্তে পরীক্ষা দেওয়া সম্ভব হয় না।

৫। অধিকন্তু, গত কয়েক বৎসরের অভিজ্ঞতা হইতে দেখা গিয়াছে যে ডিসেম্বর-জানুয়ারী মাসে রাজনৈতিক অস্থিরতা ও অনিশ্চয়তার দরুন ঘন ঘন হরতাল পালিত হয় এবং বার বার পরীক্ষাসমূহের তারিখ পিছাইতে হয়। তাই, ঐ সময় অনিশ্চয়তা বিরাজ করে।

অতএব, উপরোক্ত বাস্তব অসুবিধাগুলি সহানুভূতির সহিত বিবেচনা করিয়া ১৯৮৮ সালের আইন পরীক্ষা আগামী বৎসরের ফেব্রুয়ারীর প্রথম সপ্তাহ হইতে আরম্ভ করার জন্য আমি আইন পরীক্ষার্থীদের পক্ষ হইতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ হোসাইন আহমেদ,
আইন পরীক্ষার্থী,
বঙ্গবন্ধু ল' টেম্পল, চট্টগ্রাম।